আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১৫ আগস্ট, ২০২২ ১৭:২৭

# বারি'তে জাতীয় শোক দিবস পালিত

গাজীপুর প্রতিনিধি



বারি'তে জাতীয় শোক দিবস পালিত


যথাযোগ্য মর্যাদা ও দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। সোমবার দিবসটি উপলক্ষে দিনব্যাপী কর্মসূচির অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে জাতীয় পতাকা অর্ধনমিত ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে কর্মসূচির উদ্বোধন করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিকবৃন্দ, বারি উচ্চ বিদ্যালয় ও আনন্দ শিশু কাননের শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।

এছাড়াও দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর জীবনভিত্তিক আলোচনা অনুষ্ঠান, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ ও প্রামাণ্য চিত্র প্রদর্শনী, কোরআন খতম, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার পরিবারের সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনায় মিলাদ মাহফিল, বিশেষ মোনাজাত ও প্রার্থনা।

সকালে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে বঙ্গবন্ধুর জীবনভিত্তিক আলোচনা সভায় বক্তব্য রাখেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. অপূর্ব কান্তি চৌধুরী, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম ও পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ। এছাড়াও বারি বিজ্ঞানী সমিতি, ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, বারি কর্মচারী কল্যাণ সমিতি, বারি শ্রমিক ক্লাবের প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

বিডি প্রতিদিন/এমআই

এগিয়ে থাকার জন্য
THE DAILY BHORER DAK
ভোরের ডাক
16 August, 2022
Tuesday



# বারি'তে জাতীয় শোক দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এ ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে দিনব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে জাতীয় পতাকা অর্ধনমিত ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিনের কর্মসূচীর উদ্বোধন করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিকবৃন্দ, বারি উচ্চ বিদ্যালয় ও আনন্দ শিশু কাননের শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।

*-খবর বিজ্ঞপ্তি*



মঙ্গলবারের
THE DAILY BANGLADESH KANTHA
মাটি ও মানুষের
বাংলাদেশ কণ্ঠ
bangladeshkantha.com
ঢাকা: ১৬ আগস্ট ২০২২ ইং ❖ ০১ ভাদ্র ১৪২৯ বাংলা ❖ ১৭ মহররম ১৪৪৪ হিজরী ❖ রেজিঃ নং ডিএ-৬০১২ ❖ বর্ষ-১৩ ❖ সংখ্যা-৩০৪ ❖ পৃষ্ঠা-৮ ❖ মূল্য-০৬ টাকা


ক্যারিয়ার নিয়ে যা বললেন মিম (পৃষ্ঠা-৬)
ইসরায়েলের ক্ষেপণাস্ত্র হামলায় তিন সিরীয় সেনা নিহত (পৃষ্ঠা-৫)
পাকিস্তানের তৃতীয় সর্বোচ্চ সম্মাননায় ভূষিত হলেন বাবর (পৃষ্ঠা-৬)




# বারি'তে নানা কর্মসূচির মধ্যদিয়ে জাতীয় শোক দিবস পালিত

গাজীপুর প্রতিনিধি :



যথাযোগ্য মর্যাদা ও দিনব্যাপী নানা কর্মসূচির মধ্যদিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের জাতীয় পতাকা অর্ধনমিত ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের মধ্যদিয়ে দিনের কর্মসূচীর উদ্বোধন করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিকবৃন্দ, বারি উচ্চ বিদ্যালয় ও আনন্দ শিশু কাননের শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন। এছাড়াও দিনব্যাপী কর্মসূচীর মধ্যে ছিল বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক আলোচনা অনুষ্ঠান, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ ও প্রামাণ্য চিত্র প্রদর্শনী, কোরআন খতম, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনায় মিলাদ মাহফিল, বিশেষ মোনাজাত ও প্রার্থনা। সকালে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক আলোচনা সভায় বক্তব্য রাখেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. অপূর্ব কান্তি চৌধুরী, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম ও পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ। এছাড়াও বারি বিজ্ঞানী সমিতি, ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, বারি কর্মচারী কল্যাণ সমিতি, বারি শ্রমিক ক্লাবের প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

The New Nation
Independent Daily
Dhaka, Tuesday, August 16, 2022



GAZIPUR: Dr. Debasish Sarker, Director General of Bangladesh Agricultural Research Institute (BARI) with other directors of the institute lay wreaths at the portrait of the Bangabandhu Sheikh Mujibur Rahman at the BARI headquarters premises marking the 47th death anniversary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Mourning Day on Monday.
■ NN photo

ঢাকা বৃহস্পতিবার ১৮ আগস্ট ২০২২ ভোরের কাগজ

# বারি ও ইস্পাহানি এগ্রোর মধ্যে সমঝোতা স্মারক

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) ও ইস্পাহানি এগ্রো লিমিটেডের মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান গত মঙ্গলবার ঢাকায় উত্তরার রয়েল কুজিন রেস্তোরাঁয় অনুষ্ঠিত হয়েছে। বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের উপস্থিতিতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পক্ষে পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. ফেরদৌসী ইসলাম এবং ইস্পাহানি এগ্রো লিমিটেডের পক্ষে পরিচালক ফৌজিয়া ইয়াসমিন সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারক অনুষ্ঠানে বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন উইং) ড. অপূর্ব কান্তি চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মতিয়ার রহমান, কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল কুমার দত্তসহ বারির কীটতত্ত্ব বিভাগ, উদ্ভিদ রোগতত্ত্ব ও প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের বিজ্ঞানীরাসহ অন্যান্য উর্ধ্বতন বিজ্ঞানী ও ইস্পাহানি এগ্রো লিমিটেডের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারির প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুর রাজ্জাক এবং বারির সহযোগিতায় ইস্পাহানি এগ্রো লিমিটেডের অগ্রযাত্রার বিষয়ে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের ডেপুটি জেনারেল ম্যানেজার আশরাফ উদ্দিন আহমেদ।




*রাজধানীর উত্তরা রয়েল কুজিন রেস্তোরাঁয় গত মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও ইস্পাহানি এগ্রো লিমিটেডের মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। বিজ্ঞপ্তি*



বৃহস্পতিবারের

THE DAILY BANGLADESH KANTHA

মাটি ও মানুষের

বাংলাদেশ কণ্ঠ

bangladeshkantha.com



ঢাকা: ১৮ আগস্ট ২০২২ ইং ❖ ০৩ ভাদ্র ১৪২৯ বাংলা ❖ ১৯ মহররম ১৪৪৪ হিজরী ❖ বর্ষ-১৩ ❖ সংখ্যা-৩০৬ ❖ পৃষ্ঠা-৮ ❖ মূল্য-০৬ টাকা



আমাকে নিয়ে করা ১০০'র মধ্যে ৯৫টি খবরই মিথ্যা: রোনালদো (পৃষ্ঠা-৬)

সিরিয়ার সীমান্ত পোস্টে তুরস্কের বিমান হামলা, নিহত ১৭ (পৃষ্ঠা-৫)

২০০ কোটির আর্থিক জালিয়াতির মামলায় অভিযুক্ত জ্যাকুলিন (পৃষ্ঠা-৬)


# বারি ও ইস্পাহানি এগ্রো'র সমঝোতা স্মারক স্বাক্ষর

জাহিদ হাসান ভূঁইয়া, গাজীপুর প্রতিনিধি :

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) ও ইস্পাহানি এগ্রো লিমিটেডের মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় রয়েল কুজিন রেস্তোরা, উত্তরা, ঢাকায় এ অনুষ্ঠান করা হয়। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের উপস্থিতিতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. ফেরদৌসী ইসলাম এবং ইস্পাহানি এগ্রো লিমিটেডের পক্ষে পরিচালক মিসেস ফৌজিয়া ইয়াসমিন সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন উইং) ড. অপূর্ব কান্তি চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মতিয়ার রহমান, কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল কুমার দত্ত সহ বারি'র কীটতত্ত্ব বিভাগ, উদ্ভিদ রোগতত্ত্ব ও প্রশিক্ষণ ও যোগাযোগ




উইংয়ের বিজ্ঞানীবৃন্দসহ অন্যান্য উর্ধ্বতন বিজ্ঞানীবৃন্দ ও ইস্পাহানি এগ্রো লিমিটেডের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইং'র প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুর রাজ্জাক এবং বারি'র সহযোগীতায় ইস্পাহানি এগ্রো লিমিটেড এর অগ্রযাত্রার বিষয়ে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের ডেপুটি জেনারেল ম্যানেজার আশরাফ উদ্দিন আহমেদ। এ সমঝোতা স্মারকের আওতায় বারি ও ইস্পাহানি এগ্রো লিমিটেড দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে একযোগে কাজ করে যাবে। এছাড়া বারি উদ্ভাবিত বিভিন্ন জাত ও প্রযুক্তির সম্প্রসারণ এবং নিরাপদ সবজি উৎপাদনে ভালো বীজ ও জৈব বালাইনাশক প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিতে দুপক্ষ কাজ করে যাবে।

NEW AGE
THURSDAY, AUGUST 18, 2022, BHADRA 3, 1429 BS

# BARI, Ispahani sign deal for food security

**Staff Correspondent**

BANGLADESH Agricultural Research Institute and Ispahani Agro Limited finalised a deal for food and nutrition security on Tuesday, said a press release.

BARI director (training and communication wing) Ferdousi Islam and Ispahani Agro Limited director Fauzia Yasmin signed a memorandum of understanding in the presence of BARI director general Debasish Sarker at a city hotel.

BARI director (service and supply) Md Kamrul Hasan, director (research) Md Tariqul Islam, director (planning and evaluation wing) Apurba Kanti Chowdhury, director (oilseed research center) Md Abdul Latif Akand, chief scientific officer Md Motiar Rahman of the Department of Plant Pathology, chief scientific officer Nirmal Kumar Dutta of the Department of Entomology along with other senior scientists and senior officials of Ispahani Agro Limited attended the ceremony.